# গ্রেফতারি থেকে আপীল পদ্ধতি



## 1 গ্রেফতারি

আপনার বিরুদ্ধে যদি যুক্তি সংগঠ কারণে কোন দণ্ডনীয় অপরাধ করার অভিযোগ ওঠে অথবা দণ্ডনীয় অপরাধ করতে চলেছেন এমন কোনো অভিযোগ বা সন্দেহ ওঠে তাহলে আপনাকে গ্রেফতার করা হতে পারে। আপনার গ্রেফতারির পর আপনাকে পুলিশ স্টেশনে নিয়ে যাওয়া হবে। আপনার অপরাধ যদি জামিনযোগ্য হয়, তাহলে পুলিশ অবিলম্বে আপনাকে পুলিশ স্টেশন থেকেই জামিনে ছেড়ে দিতে পারে।



## 2 ম্যাজিস্ট্রেটের সামনে পেশ

গ্রেফতারির ২৪ ঘন্টার মধ্যে পুলিশকে আপনাকে ম্যাজিস্ট্রেটের সামনে পেশ করতে হবে। আদালতে, পুলিশ তাদের তদন্ত সংক্রান্ত নথিপত্র পেশ করবে আদালতের কাছে। পুলিশ আদালতের কাছে তাদের তদন্ত চালিয়ে যাওয়ার জন্য আরও সময় চাইতে পারে এবং ততদিন আপনাকে তাদের হেফাজতেই রাখার আবেদন জানাতে পারে। সমস্ত নথিপত্র খতিয়ে দেখার পর ম্যাজিস্ট্রেট আপনাকে পুলিশ হেফাজতে, বা জেল হেফাজতে পাঠাতে পারেন, অথবা জামিনে সাময়িক মুক্তি দিতে পারেন। ম্যাজিস্ট্রেটের সামনে হাজিরার সময় আপনার হয়ে সওয়াল করার জন্য আপনি আইনজিবি নিয়োগ করতে পারেন। এটা আপনার অধিকার। আপনার আইনজিবি নিয়োগ করার সামর্থ্য না থাকলে বিনামূল্য আইনি সাহায্য পাওয়াটাও আপনার অধিকার।

### পুলিশ হেফাজত



### জেল হেফাজত



### জামিন





## 3 চার্জ গঠন

আপনার বিরুধ্যে আনা অভিযোগের বিবরণী হলো চার্জ। পুলিশী তদন্তের শেষে তারা আদালতে চার্জশীট বা অভিযোগ পত্র জমা করে। চার্জশীট পড়ার পর আদালত চার্জ গঠন করবে এবং সেটা অভিযুক্তকে পড়ে শোনাবে। এরপর আপনি যদি চার্জশীটে আনা অভিযোগগুলি স্বীকার করেন তাহলে আদালত আপনার দন্ড ঘোষণা করবে, আর আপনি যদি অভিযোগগুলি অস্বীকার করেন, তাহলে মামলার বিচারপর্ব শুরু হবে।

### বেকসুর খালাস

### দোষী

## 4 বিচারপর্ব (ট্রায়াল)

আপনি যদি নিজেকে নির্দোষ বলে দাবি করেন, সেক্ষেত্রে মামলার বিচারপর্ব শুরু হবে।

বিচারপর্ব পদ্ধতি নিম্নলিখিত:-

১) অভিযুক্তের বিবৃতি (Cr.P.C.-র - ধারা 313)
২) মৌখিক ও নথি প্রমাণ
৩) সরকার পক্ষ ও অভিযুক্ত পক্ষের আইনজীবীর সওয়াল
৪) বিচার ও দন্ড ঘোষণা

## 5 দোষী সাব্যস্ত ও দন্ড ঘোষনা

বিচারপর্ব শেষ হওয়ার পর যদি আপনি আদালতে দোষী সাব্যস্ত হন তাহলে আপনাকে দণ্ডিত করা হবে আর যদি আপনি নিরাপরাধ প্রমাণিত হন, তাহলে আপনাকে বেকসুর খালাস করে ছেড়ে দেওয়া হবে (আপনার বিরুধ্যে রুজু করা মামলা বন্ধ করে দেওয়া হবে)



## 6 আপীল

আপনাকে যদি দোষী সাব্যস্ত করা হয় তাহলে রায় ও দন্ড ঘোষণার পর একটি নির্দিষ্ট সময় সীমার মধ্যে আপনি এই রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল করতে পারেন। আপনার আপীল চলাকালীন, উচ্চ আদালত নিম্ন আদালতের রায় ও দন্ডের ওপর স্থগিতাদেশ জারি করতে পারে।

### দন্ডের ওপর স্থগিতাদেশ


**COMMONWEALTH HUMAN RIGHTS INITIATIVE**
55 A, Third Floor, Siddhartha Chambers-1, Kalu Sarai,
New Delhi - 110016 **Tel:** 91-11-43180200 **Fax:** 91-11-43180217
**E-mail:** info@humanrightsinitiative.org
**Website:** www.humanrightsinitiative.org